

Seen # 14.3.21

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ১৩/০৩/২০২১ খ্রি।

**২০১৭ সনের মাস্টার্স ১ম পর্ব (প্রিলিমিনারি) পরীক্ষার (নিয়মিত ও প্রাইভেট) ফরম পূরণ
সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা অত্র কলেজের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৭ সনের মাস্টার্স ১ম পর্ব (প্রিলিমিনারি) পরীক্ষার ফরম পূরণের ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপ:

নিয়মিত/প্রাইভেট ছাত্রীদের পরীক্ষার ফি

মাস্টার্স ১ম পর্ব বিষয়ের নাম	ফরম পূরণের ফি
বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, সমাজকর্ম	২,৫৩০.০০
অর্থনীতি	২,৭৩০.০০
মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, পদার্থবিজ্ঞান, রসায়ন, ভূগোল, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা	২,৬৩০.০০
গণিত	৩,২৩০.০০
এমএসসি (প্রিলিমিনারি) পরীক্ষার্থীদের ব্যবহারিক পরীক্ষার ফি স্ব স্ব কেন্দ্রে নগদ পরিশোধ করবে।	

- অনলাইনে পরীক্ষার ফরম পূরণ ও ফরম কলেজে জমা দানের শেষ তারিখ: ২২/০৩/২০২১ খ্রি.
- বিভাগ কর্তৃক অনলাইনে ফরম ভেরিফাই ও বিবরণী জমার শেষ তারিখ: ২৪/০৩/২০২১ খ্রি.

অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য):

ক) আবেদনকারীকে ওয়েবসাইটে (<http://dua7c.com/>) লিংক এ গিয়ে রেজিস্ট্রেশন নম্বর ও মাস্টার্স ১ম পর্বের শিক্ষাবর্ষ দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রি প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয়সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে বিভাগীয় প্রধানের স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরম পূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ২১/০৩/২০২১ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।